# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 22 April, 2025

ফ্যাসিস্ট বিচারপতিদের পদত্যাগের দাবিতে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে জাতীয়তাবাদী আইনজীবী ফোরাম।আজ সোমবার সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতি প্রাঙ্গণে আইনজীবী ফোরামের সুপ্রিম কোর্ট ইউনিট এই সমাবেশের আয়োজন করে।

সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের সভাপতি জয়নুল আবেদীন বলেন, 'আমরা ভেবেছিলাম যারা বেগম খালেদা জিয়াকে বাড়িছাড়া করেছিলেন, দীর্ঘদিন জেলে আটকে রেখে অসুস্থ করেছিলেন, ৫ আগস্টের পর তাঁরা নিজ থেকে চলে যাবেন। কিন্তু আপনারা যাননি।এখনো সময় আছে, যত তাড়াতাড়ি সম্ভব নিজেরা পদত্যাগ করে চলে যান।'

জয়নুল আবেদীন সরকারের উদ্দেশে বলেন, 'আপনারা অনেককে জেলে দিয়েছেন। খায়রুল হকের (সাবেক প্রধান বিচারপতি এ বি এম খায়রুল হক) বিচার কেন করছেন না? খায়রুল হকের বিচার না করলে জনগণ আপনাদের বিচার করবে।'

জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের মহাসচিব ও বিএনপির আইন সম্পাদক ব্যারিস্টার কায়সার কামাল বলেন, শেখ হাসিনা এক দিনে ফ্যাসিস্টে পরিণত হননি। রাষ্ট্রের বিভিন্ন অঙ্গ তাঁকে ফ্যাসিস্টে পরিণত করতে কাজ করেছে প্রত্যক্ষভাবে। এর মধ্যে অন্যতম হলো বিচার বিভাগ।

কায়সার কামাল আরও বলেন, 'অনেক বিচারপতি নির্লজ্জভাবে দলীয় মতাদর্শ ধারণ করে শেখ হাসিনার ফ্যাসিস্ট রেজিমকে দীর্ঘায়িত করার জন্য স্বপ্রণোদিত হয়ে অনেক সিদ্ধান্ত নিয়েছিলেন।আমরা আশা করি, সেইসব বিচারপতি নিজেরাই বিবেকের তাড়নায় স্বেচ্ছায় এই

পবিত্র বিচারাঙ্গণ থেকে চলে যাবেন। খায়রুল হক বাংলাদেশের গণতন্ত্রকে ধ্বংস করেছেন, সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়াকে বাড়িছাড়া করেছেন। আর এখন তিনি আরামে ঘুমান।

জাতীয়তবাদী আইনজীবী ফোরাম সুপ্রিম কোর্ট ইউনিটের আহ্বায়ক এম বদরুদ্দোজা বাদল এতে সভাপতিত্ব করেন। সদস্যসচিব গাজী তৌহিদুল ইসলামের সঞ্চালনায় আইনজীবী সমাবেশে আরও বক্তব্য দেন বারের সাবেক সম্পাদক ব্যারিস্টার রুহুল কুদ্দুস কাজল, জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের সাংগঠনিক সম্পাদক গাজী কামরুল ইসলাম সজল প্রমুখ।

ফ্যাসিস্ট বিচারপতি আইনজীবী সুপ্রিম কোর্ট

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:04

URL: https://www.timestodaybd.com/national/1220775807